দৈনিক বাংলা

তারিখ ...08 FEB 1994 ... ..
পৃষ্ঠা · ৬ কলাম ·· ৪······

75

# রাজশাহী ভার্সিটির বিএসসি বিকম পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ রাজশাহী, ৭ ফেব্রুয়ারী।–রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯২ সালের বিএসসি এবং বিকম পরীক্ষা (১৯৯৩ সালের জুন ও জুলাই মাসে অনুষ্ঠিত)–এর ফল সোমবার প্রকাশিত হয়েছে।

বিএসসি পরীক্ষার পাসের হার শতকরা ৫১ দশমিক ৪৯ এবং বিকম পরীক্ষার পাসের হার শতকরা ৪৩ দশমিক ৩০।

বিএসসি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন মোট ৩ জন। এরা হলেন যথাক্রমে খুলনা সিটি কলেজের কালাচাঁদ সিংহ (রোল ৪৭৯২৮) ও বগুড়া আজিজুল হক কলেজের মোর্শেদা আক্তার (রোল ৪৯০৬২) এবং মুনমুন সুলতানা (রোল ৪৯০৩৪)। বিএসসি পরীক্ষায় দ্বিতীয় বিভাগে ৪শ ৪ জন এবং তৃতীয় বিভাগে এক হাজার ৮২ জন উত্তীর্ণ হয়েছেন। বিএসসি পরীক্ষায় মোট দু'হাজার ৮শ' ৯২ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন এবং এর মধ্যে মোট এক হাজার ৪শ' ৮৯ জন উত্তীর্ণ হয়েছেন।

বিকম পরীক্ষায় প্রথম বিভাগে শুধুমাত্র মাগুড়া আদর্শ কলেজের আহমদ মুস্তফা কামাল (রোল ৪৫৫০১) উত্তীর্ণ হন। দ্বিতীয় বিভাগে ৩শ ১৩ জন ও তৃতীয় বিভাগে এক হাজার ৬শ ৬২ জন উত্তীর্ণ হয়েছেন। বিকম পরীক্ষায় মোট ৪ হাজার ৫শ ৬৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে মোট ১ হাজার ৯শ ৭৬ জন উত্তীর্ণ হন।

উল্লেখ্য, বিএসসি ও বিকম পরীক্ষার ফলাফলে মোট ১৯টি কলেজের ফলাফল স্থগিত রাখা হয়েছে।